



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।



বিজ্ঞপ্তি নং-১৬৫/নসক/২০২৩

তারিখ: ২৭/১১/২০২৩ খ্রি.

২০২১-২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **ভর্তি কার্যক্রম অনলাইনে প্রাথমিক আবেদন আগামী ০৪/১২/২০২৩ তারিখের মধ্যে** জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এ প্রবেশ করে প্রয়োজনীয় তথ্যসহ আবেদন ফরম পূরণ পূর্বক পাসপোর্ট আকারে ছবি স্ক্যান করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করে আবেদন ফরমের প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে। **আবেদন ফরমের মূল্য বাবদ ৩০৭/- টাকা ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং রকেট এর মাধ্যমে জমা দিয়ে কলেজ ওয়েব সাইট হতে টাকা জমাদানের পেমেট স্ক্রিন ও প্রয়োজনীয় কাগজপত্র সহ (সরকারি ও সাপ্তাহিক ছুটি ব্যতীত) সকাল ১০:০০ টা হতে বেলা ০২:০০ টা পর্যন্ত কলেজ প্রধান সহকারীর অফিসে জমাদানের নির্দেশ দেয়া হলো।**

১। আবেদন করার যোগ্যতা ও শর্তাবলী:

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ ও তৎপরবর্তী সাল সমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ বা তৎপরবর্তী সালে প্রিলিমিনারী টু মাস্টার্স/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) পরীক্ষা সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে এক বছর মেয়াদী ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট/প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

(গ) এখানে উল্লেখ্য যে, উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষে স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীর শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

(ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২১-২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে “জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদন স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।


২। প্রয়োজনীয় কাগজপত্র :

স্নাতক (সম্মান) পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং স্নাতক (পাস) পর্যায়ের রেজিস্ট্রেশন ও নম্বরপত্র এবং স্নাতকোত্তর ১ম পর্ব পরীক্ষার নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ০১ টি করে যা আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

৩৩৭ বিলার আইডিতে টাকা জমাদানের ক্ষেত্রে বিল নম্বর তৈরি করার নিয়মাবলি :

শুধুমাত্র মাস্টার্স শেষ পর্ব ভর্তির রোল নম্বর সঠিক ভাবে লিখতে হবে।

বি. দ্র. : ভুল রোল নম্বরে/বিলার আইডিতে টাকা প্রদান করলে ভর্তি ফরম সাবমিট না হলে তার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।


অধ্যক্ষ

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।